

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৭৩৪

১/ বিবিধ

আরবী

ألا أنبئكم بالفقيه؟ قالوا: بلى، قال: من لا يقنط الناس من رحمة الله، ولا يؤيسهم من روح الله، ولا يؤمنهم من مكر الله، ولا يدع القرآن رغبة عنه إلى ما سواه، ألا لا خير في عبادة ليس فيها تفقه، ولا في علم ليس فيه تفهم، ولا قراءة ليس فيها تدبر منكر

رواه ابن وهب في " المسند " (8 / 165 / 1) : أخبرني عقبه بن نافع عن إسحاق بن أسيد عن أبي مالك وأبي إسحاق عن علي بن أبي طالب مرفوعا وأخرجه ابن عبد البر في " جامع بيان العلم " (2 / 44) من طريق ابن وهب، وقال: " لا يأتي هذا الحديث مرفوعا إلا من هذا الوجه وأكثرهم يوقفونه على علي قلت: وهو الأشبه فإن هذا الإسناد المرفوع فيه علتان: الأولى: إسحاق بن أسيد وهو أبو محمد المروزي نزيل مصر، قال الحافظ: " فيه ضعف ". والأخرى: عقبه بن نافع فإنه مجهول، أورده ابن أبي حاتم (3 / 1 / 317) برواية ابن وهب فقط عنه ولم يذكر فيه جرحا ولا تعديلا

বাংলা

৭৩৪। আমি কি তোমাদেরকে ফাকীহ সম্পর্কে সংবাদ দিব না? তারা বললঃ জি হ্যাঁ, তিনি বললেনঃ যে ব্যক্তি লোকদেরকে আল্লাহর রহমত হতে নিরাশ করে না (সেই ফাকীহ), আল্লাহর আদেশ হতে তাদেরকে নিরাশ করে না আর আল্লাহর মক্কার হতে তাদেরকে নিরাপদে রাখে না। কুরআনকে ছেড়ে দেয় না তা থেকে অনাসক্ত হয়ে অন্য বস্তুর দিকে খাবিত হওয়ার দ্বারা। সাবধান ফিকাহহীন ইবাদাতে কোন কল্যাণ নেই। অবুঝ শিক্ষায় কোন

কল্যাণ নেই এবং গবেষণাহীন পড়ায় কোন কল্যাণ নেই।

হাদীছটি মুনকার।

এটিকে ইবনু ওয়াহাব “আল-মুসনাদ” (৮/১৬৫/১) গ্রন্থে উকবাহ ইবনু নাফে’ হতে তিনি ইসহাক ইবনু উসায়েদ হতে তিনি আবু মালেক ও আবু ইসহাক হতে ... বর্ণনা করেছেন।

হাদীছটি ইবনু আদিল বারও “জামেউ বায়ানিল ইলম” (২/৪৪) গ্রন্থে ইবনু ওয়াহাবের সূত্রে বর্ণনা করে বলেছেনঃ এ হাদীছটি এ সূত্র ছাড়া অন্য কোন সূত্রে মারফু’ হিসাবে বর্ণিত হয়নি। তাদের অধিকাংশরাই এটিকে আলী (রাঃ) পর্যন্ত মওকুফ হিসাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ মওকুফ হওয়াটাই উপযোগী, কারণ এ মারফু’ সনদটিতে দু’টি সমস্যা রয়েছেঃ

- ১। ইসহাক ইবনু উসায়েদ আবু মুহাম্মাদ আল-মারওয়ামী সম্পর্কে হাফিয ইবনু হাজার বলেনঃ তিনি দুর্বল।
- ২। উকবাহ ইবনু নাফে মাজহুল। হাদীছটি ইবনু আবী হাতিম (৩/১/৩১৭) ইবনু ওয়াহাবের বর্ণনায় উকবাহ হতে উল্লেখ করার পর তার সম্পর্কে ভাল-মন্দ কিছুই বলেননি।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদিসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71613>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন